



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
সংস্থাপন শাখা



সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২০২১-২০২২ অর্থ বছরের ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	জসীম উদ্দীন হায়দার জেলা প্রশাসক
সভার তারিখ	১৯ জুন ২০২২ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ১১:৩০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর জেলা পর্যায়ে নৈতিকতা কমিটির সদস্য সচিব অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল সভাপতির অনুমতিক্রমে জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ইতোমধ্যে জারীকৃত আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ মোতাবেক অংশীজনের অংশগ্রহণে ৪র্থ ত্রৈমাসিক সভার আয়োজন করা হয়েছে। তৎপ্রেক্ষিতে নৈতিকতা কমিটির সদস্য সচিব অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১। গত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	সভায় গত ত্রৈমাসিক সভার কার্যবিবরণী পাঠ করা হয়।	গত ত্রৈমাসিক সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি;
০২। সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী ওয়েবপোর্টালে আপলোডকরণ	২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্য অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েবপোর্টালের নির্ধারিত শুদ্ধাচার কৌশল বক্সে আপলোড নিশ্চিতের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	অংশীজনের অংশগ্রহণে নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েবপোর্টালের নির্ধারিত শুদ্ধাচার কৌশল বক্সে আপলোড নিশ্চিত করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল

<p>০৩। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুসরণ</p>	<p>মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতঃ যথাসময়ে কর্তৃপক্ষ বরাবরে প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা হয়।</p>	<p>জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুসরণ করতে হবে।</p>	<p>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল</p>
<p>০৪। সেবাবক্সে তথ্য সংযোজন</p>	<p>বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশালের আদলে শুদ্ধাচার সেবা বক্সসহ অন্যান্য সকল সেবা বক্সে তথ্য সংযোজনের ফরম্যাট হালনাগাদ করার বিষয়ে বিস্তারিত আলচনা হয়।</p>	<p>বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশালের আদলে শুদ্ধাচার সেবা বক্সসহ অন্যান্য সকল সেবা বক্সে তথ্য সংযোজনের ফরম্যাট হালনাগাদ করতে হবে।</p>	<p>অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), বরিশাল এবং কমিটির সদস্য (সকল); উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল</p>
<p>০৫। কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ</p>	<p>অংশীজনের অংশগ্রহণে আয়োজিত ত্রৈমাসিক সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত সমূহের আলোকে নিয়মিত অগ্রগতি প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিত ত্রৈমাসিক সভার কার্যবিবরণীর উপর অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন।</p>	<p>উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল</p>

০৬। সেবা গ্রহীতাদের স্বল্প সময়ে দ্রুত সেবা নিশ্চিত করা	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) মোতাবেক সেবা গ্রহীতাদের দ্রুততম সময়ে সেবা প্রদানের নিশ্চিতের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) মোতাবেক দ্রুততম সময়ের মধ্যে সেবা গ্রহীতাদের প্রাপ্য সেবা প্রদান নিশ্চিতকল্পে সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), বরিশাল এবং কমিটির সদস্য (সকল); উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল
---	--	--	--

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় রাষ্ট্রে ও জনগণের স্বার্থে আন্তরিকতার সাথে জাতীয় শুদ্ধাচার কৌশল যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



জসীম উদ্দীন হায়দার
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.১০.০৬০০.১০৭.৫৮.০১৫.২২.৩৫৭

তারিখ: ৫ আষাঢ় ১৪২৯

১৯ জুন ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
- ৪) পুলিশ সুপার, বরিশাল
- ৫) সিভিল সার্জন, বরিশাল
- ৬) উপ পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল
- ৭) জেলা পর্যায়ের অফিসার (বরিশাল)
- ৮) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল
- ৯) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরিশাল
- ১০) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরিশাল
- ১১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরিশাল
- ১২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল
- ১৩) সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
- ১৪) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল
- ১৫) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বরিশাল
- ১৬) প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
- ১৭) জনাব



জসীম উদ্দীন হায়দার
জেলা প্রশাসক